



নং-৩৬.১০.০০০০.০০৩.১৪.০০৫.২০/১৬৮৮

তারিখঃ ০৬/০২/২০২০

মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

"ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পের কাজে ব্যবহারের জন্য কার্যাদেশে উল্লিখিত তারিখ হতে মাসিক ভিত্তিতে একটি এসি মাইক্রোবাস ভাড়া করার লক্ষ্যে টেন্ডার সিডিউলে উল্লিখিত শর্তে প্রকৃত পরিবহন মালিক/রেস্ট-এ-কার ব্যবসায়ীদের নিকট হতে নিম্নস্থ প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	মন্ত্রণালয়/বিভাগ	শিল্প মন্ত্রণালয়/ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)।
০২	প্রকল্পের নাম	ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ।
০৩	সেবা ক্রয়কারীর নাম ও ঠিকানা	ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), ৯১ মতিঝিল বা/এ, ঢাকা।
০৪	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)।
০৫	অর্থের উৎস	সরকারি অনুমোদিত বাজেট।
০৬	গাড়ী ভাড়ার মেয়াদকাল	০২(দুই) বৎসর (চুক্তির তারিখ হতে)।
০৭	কার্যদিন ও প্রতিদিন চলাচল	৩০(ত্রিশ) দিন। প্রতিদিন ১৪ ঘণ্টা, সকাল ৭.০০ হতে রাত ০৯.০০ মিঃ পর্যন্ত (প্রয়োজনে ডিউটি সময় বৈধ হতে পারে)
০৮	দরদাতাদের যোগ্যতা	প্রকৃত পরিবহন মালিক/রেস্ট-এ-কার ব্যবসায়ী হতে হবে। নিজে বা প্রতিষ্ঠানের গাড়ীর মালিকানা সম্পর্কিত মূল দলিল অবশ্যই থাকতে হবে। হালনাগাদ গাড়ীর প্রয়োজনীয় কাগজপত্রাদি যেমন রেজিস্ট্রেশন, ট্যাক্স টোকেন, ফিটনেস, বীমা এবং গাড়ী চালকের ডাইভিং লাইসেন্স, হালনাগাদ আয়কর সংক্রান্ত সনদসহ (টিআইএন), ড্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটসহ অন্যান্য কাগজপত্রাদি বা দলিলাদি সত্যায়িত ফটোকপি।
০৯	দরপত্র সিডিউলের মূল্য	৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরংযোগ্য)।
১০	টেন্ডার সিকিউরিটির টাকার পরিমাণ	দরদাতা কর্তৃক আর্নেস্টম্যানি হিসেবে দরপত্রের সাথে ১৫,০০০/- (পনের হাজার) টাকা মাত্র ("প্রকল্প পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" বরাবরে বাংলাদেশ ব্যাংক এর যে কোন ডফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ফেরংযোগ্য) দাখিল করতে হবে।
১১	সিডিউল বিক্রয়ের স্থান, তারিখ ও সময়	পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও কার্যালয়, কক্ষ নং ২২৮, ৯১, মতিঝিল বা/এ, (২য় তলা), ঢাকা-১০০০। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১/১২/২০২০ পর্যন্ত প্রতিদিন সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
১২	দরপত্র দাখিলের স্থান	এনপিও দপ্তর, কক্ষ নং ২২৫, ৯১, মতিঝিল বা/এ, (২য় তলা), ঢাকা-১০০০।
১৩	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	২২/১২/২০২০, সকাল ১১.০০ ঘটিকা।
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	২২/১২/২০২০, বেলা ১১.৩০ ঘটিকা

দরপত্রের শর্তাবলীঃ

- (১) ন্যূনতম ০৮(আট) আসন বিশিষ্ট ০১(এক)টি মাইক্রোবাস এর বিবরণ: (১) তৈরি সনঃ ২০১৫ খ্রিঃ এর পূর্বে নয়, (২) রেজিস্ট্রেশন-২০১৯ এর পূর্বে নয় (৩) ইঞ্জিন ক্যাপাসিটি:১৮০০ এর নিম্নে নয়, জ্বালানী: এলপিগ্যাস/সিএনজি/অকটেন।
- (২) দরপত্রে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে "প্রকল্প পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" প্রকল্প বরাবরে সীলমোহরকৃত খামে তাদের নিম্নস্থ প্যাডে লিখিতভাবে আবেদন করতে হবে। আবেদনের সাথে উপরে "দরদাতাদের যোগ্যতা" এর বিপরীতে উল্লিখিত সকল কাগজপত্রাদি/দলিলাদির ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অবশ্যই দাখিল করতে হবে।
- (৩) মাইক্রোবাসের জন্য প্রস্তাবিত দর হিসেবে দৈনিক ভাড়ার হার এবং মাসিক ভাড়ার হার সুস্পষ্ট (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে (জ্বালানী ও সকল প্রকার খরচ সহ)
- (৪) সীলমোহরকৃত খামের উপর দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।
- (৫) দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা এবং ওভার রাইটিং করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং কোনরূপ শর্ত আরোপ করা যাবে না।
- (৬) মাইক্রোবাসটি বাংলাদেশের যে কোন জেলায় এবং ঢাকা শহরে চলাচল করবে। সাপ্তাহিক বন্ধের দিন এবং সরকারি ছুটির দিন সরকারি প্রয়োজনে সরবরাহ করতে হবে। এ জন্য মাসিক ভাড়ার অতিরিক্ত ভাড়া দাবী করা যাবে না অর্থাৎ ঐ দিনের ভাড়া মাসিক ভাড়ার মধ্যে মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।
- (৭) মাইক্রোবাস সরবরাহকালীন সময়ে যান্ত্রিক ত্রুটির কারণে গাড়ী চলাচলে বিঘ্ন ঘটলে কিংবা গাড়ি চালক অসুস্থ থাকলে গাড়ি চালক/বিকল্প গাড়ী চালকসহ বিকল্প গাড়ীর ব্যবস্থা করতে হবে।
- (৮) মাইক্রোবাসের মালিকানা, চালকের ডাইভিং লাইসেন্স ও কোন প্রকার দুর্ঘটনা সংক্রান্ত যে কোন প্রকার আইনগত জটিলতার দায়ভার মাইক্রোবাস ভাড়া প্রদানকারী প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
- (৯) সরকারি বিধান অনুযায়ী প্রযোজ্য মূল্য সংযোজন কর (ভ্যাট), অগ্রিম আয়কর (এআইটি) ও প্রযোজ্য অন্যান্য করাদি প্রাপ্য বিল হতে কর্তন করা হবে।
- (১০) ভাড়াকৃত মাইক্রোবাস চুক্তিকালীন সময়ে অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট ভাড়া দেয়া যাবে না।
- (১১) দরপত্র সম্পর্কিত সকল কার্যাদি The Public Procurement Act-2006 and The Public Procurement Rules-2008 অনুযায়ী পরিচালিত হবে।
- (১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা দরপত্র কমিটি সংরক্ষণ করেন।

(এ টি এম নোজামেল কুক)
 মুখ্য পরিচালক (অ. দা.)
 ৩
 প্রকল্প পরিচালক
 ফোন : ৯৫৮৭৫০১